West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

পঞ্চম পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। মহাকাব্য কাকে বলে ? মহাকাব্যের সাধারণ বৈশিষ্ট্যগুলি উল্লেখ করে বাংলা ভাষায় রচিত একটি সাহিত্যিক মহাকাব্যের উৎকর্ষ বিচার করুন। ৪ + ৪ + ১২

অথবা

উদাহরণসহ যে-কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করুন : ১০ + ১০

(ক) গীতিকাব্য (খ) গাথাকাব্য (গ) আখ্যানকাব্য।

২। 'বীরাঙ্গনা কাব্য' গ্রন্থের নারিকাদের মধুসূদন কোন্ অর্থে বীরাঙ্গনা বলেছেন ? এ' প্রসঙ্গে কাব্যটির নামকরণ সার্থক হয়েছে কিনা যুক্তিসহ আলোচনা করুন। ৬ + ১০

অথবা

'লক্ষণের প্রতি শূর্পণখা' পত্রে শূর্পণখা চরিত্রের বৈশিষ্ট্যগুলি পরিস্ফুট করে মধুসূদনের মৌলিকতা নির্দেশ করুন। ১৬

৩। 'যেতে নাহি দিব' কবিতায় একটি তুচ্ছ প্রাত্যহিক ঘটনা কিভাবে মহত্তম জগৎসত্যে উত্তীর্ণ হয়েছে তা আলোচনা করে দেখান। ১৬

অথবা

'সোনার তরী' কাব্যে রবীন্দ্রনাথের মানস ভাবনা বিশ্ব-পৃথিবীর সৌন্দর্যে মুগ্ধ হইয়াছে, আবার জীবনের গভীরতম প্রদেশে প্রবেশ করিয়াছে' — পাঠ্য কবিতা অবলম্বনে মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। ১৬

৪। 'নানা বিরোধী ভাবের সমাবেশ হওয়ায় 'বিদ্রোহী' কবিতাটি যথেষ্ট শিল্প-সার্থকতা পায়নি' — এই মন্তব্য সম্পর্কে আপনার অভিমত বিশ্লেষণ করে দেখান। ১৬

অথবা

'সঞ্চিতা' কাব্যের পাঠ্য কবিতাগুলির সাহায্যে নজরুল ইসলামের কবিমানস ও মানবতাবোধের পরিচয় দিন। ১৬

৫। 'বাবরের প্রার্থনা' ইতিহাসের অনুষঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তি-সংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটেরও পরিচয়' — মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। ১৬

অথবা

কবি অমিতাভ দাশগুপ্ত 'আমার নাম ভারতবর্ষ' কবিতায় অপূর্ব দক্ষতার সঙ্গে নিজস্ব ব্যক্তিচেতনা ও স্বদেশ প্রেমের সমন্বয় ঘটিয়েছেন — এই অভিমতের যৌক্তিকতা বিচার করুন। ১৬

৬। নিম্নলিখিত অংশটির কাব্যশৈলী বিচার করুন : ১৬

পাষাণ-কায়া, হায়রে, রাজধানী
মাশুল বিনা স্বদেশে দাও ছেড়ে;
তেজারতির মতন কিছু পুঁজি
সঙ্গে দাও, পাবে দ্বিগুণ ফিরে।

ছাদের পরে হেথাও চাঁদ ওঠে —
দ্বারের ফাঁকে দেখতে পাই যেন
আসছে লাঠি উঁচিয়ে পেশোয়ারী
ব্যাকুল খিল সজোরে দিই তুলে।

ইহার মাঝে কখন প্রিয়তম
উধাও; লোকলোচন উঁকি মারে —
সবার মাঝে একলা ফিরি আমি
লেকের কোলে মরন যেন ভালো।

অথবা

ভাবছি; ঘুরে দাঁড়ানোই ভালো।
এত কালো মেখেছি দু হাতে এতকাল ধরে।
কখনো তোমার ক'রে, তোমাকে ভাবিনি।
এখন খাদের পাশে রাত্তিরে দাঁড়ালে
চাঁদ ডাকে : আয় আয় আয়
এখন গঙ্গার তীরে ঘুমন্ত দাঁড়ালে
চিতাকাঠ ডাকে : আয় আয়
যেতে পারি
যে- কোনো দিকেই আমি চলে যেতে পারি
কিন্তু, কেন যাবো ?
সন্তানের মুখ ধরে একটি চুমো খাবো
যাবো
কিন্তু, এখনি যাবো না
তোমাদেরও সঙ্গে নিয়ে যাবো
একাকী যাবো না অসময়ে ।।

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

LIBRARY

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

ষষ্ঠ পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। ক) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসে গোপাল ও যাদব চরিত্র দুটির ভূমিকা আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'পুতুল নাচের ইতিকথা' উপন্যাসের কাহিনীটি মানবমনের বৈচিত্র্যময় রহস্য উদ্ঘাটিত করেছে — আলোচনা করুন। ১৫

২। ক) 'অরণ্যের অধিকার' উপন্যাসটি কোন্ শ্রেণির উপন্যাস আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'অরণ্যের অধিকার' উপন্যাসে অমূল্য আব্রাহাম চরিত্রটির উপযোগিতা বিচার করুন। ১৫

৩। ক) সার্থক প্রেমের গল্প হিসেবে 'একরাত্রি' গল্পটির পরিচয় দিন। ১৫

অথবা

খ) 'হালদার গোষ্ঠী' গল্পে বনোয়ারী চরিত্রটি সমকালীন যুগভাবনার প্রতিভূ — মন্তব্যটি বিচার করুন। ১৫

৪। ক) 'ফসিল' গল্পে লেখকের আর্থ-সামাজিক সচেতনতার পরিচয় দিন। ১৫

অথবা

খ) রতন ও চপলার সম্পর্কের মাঝে 'মহানগর' যেন প্রাচীর সদৃশ — আলোচনা করুন। ১৫

৫। ক) মধ্যবিত্ত সমাজে নারীর প্রসুপ্ত প্রতিভা চিরকালই উপেক্ষিত — শকুন্তলা চরিত্রটি তারই প্রতীক। 'অন্তঃসলিলা' গল্প অবলম্বনে মন্তব্যটি আলোচনা করুন। ১৫

অথবা

খ) একদিকে সামাজিক অর্থনৈতিক অসহায়তা, অন্যদিকে ভদ্রলোক হওয়ার দায়, রেখা-কাঞ্চনের সংকটকে তীব্রতর করে তুলেছে। উপরি উক্ত মন্তব্যের আলোকে 'অশ্বমেধের ঘোড়া' গল্পটি বিচার করুন। ১৫

৬। ক) "পুতুল বই তো নই আমরা, একজন আড়ালে বসে খেলাচ্ছেন" — কে কোন্ প্রসঙ্গে এ কথা বলেছে ? আড়ালে বসে যিনি খেলাচ্ছেন, তার স্বরূপ কী ? ১ + ১ + ৩

অথবা

"মাটির টিলাটির উপর সূর্যাস্ত দেখিবার শখ এ জীবনে আর একবারও শশীর আসিবেনা" কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ১ + ৩

খ) "উলগুলানের আগুনে জঙ্গল জ্বলে না, মানুষদের হৃদয় আর রক্ত জ্বলে"- উলগুলান কী ? এই উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করুন। ১ + ৪

অথবা

"ওদের কেউ চাল বেচতে চায় নাই। আমি বলেছি তবে ওদের চাল-ডাল-লবণ বেচেছে।" কার উক্তি ? ওদের বলতে কাদের বোঝানো হয়েছে ? কারা কেন ওদের জিনিসপত্র বিক্রি করতে দেয়নি ? ১ + ২ + ২

গ) "সে অসময়ে তাহার এই মূক বন্ধুটির কাছে আসিত" — 'সে' কে ? 'সে' তার কোন্ বন্ধুর আছে আসতো ? 'সে' কেন তার বন্ধুর কাছে আসতো বুঝিয়ে বলুন। ১ + ১ + ৩

অথবা

"আমার দিনের সহিত রাত্রির ভারি একটা বিরোধ বাধিয়া গেল" — মন্তব্যটি কার ? তার এই মন্তব্যের কারণ বুঝিয়ে দিন। ১ + ৪

ঘ) "এ বৌটার পরমায়ু আছে" — কে, কাকে কথাটি বলেছে ? বৌটার পরমায়ু থাকার কারণ কি ? ১ + ১ + ৩

অথবা

"পায়ে দিয়ে হেঁটে দেখলাম যেমন নরম তেমনি আরাম" — প্রসঙ্গ উল্লেখ করে অন্তর্নিহিত অর্থ লিখুন।

২ + ৩

ঙ) "পুরুষের গুছিয়ে তোলা কাজকে আগোছালো করাই ওদের চিরকালের স্বভাব" — কে বলেছে ? কার উদ্দেশ্যে বলেছে ? কোন্ কাজ 'গোছানো' ও 'আগোছালো' করার কথা বলা হয়েছে ? ১ + ১ + ৩

অথবা

"আমি সত্যই ক্রিশ্চান নই গো বাপ" — কার উক্তি ? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে দিন। ১ + ৪

———

West Bengal State University
B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART – III (Honours)

বাংলা — সাম্মানিক

সপ্তম পত্র

Duration : 4 Hours | Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোন দুটি প্রশ্নের উত্তর দিন ঃ ২ × ১০ = ২০

ক) প্রবন্ধ কাকে বলে ? প্রবন্ধকে কয়টি শ্রেণীতে বিভক্ত করা যায় ? উপযুক্ত উদাহরণসহ বস্তুনিষ্ঠ প্রবন্ধ সম্পর্কে আলোচনা করুন। ২ + ২ + ৬

খ) কোন্ কোন্ বৈশিষ্ট্যে পত্র সাহিত্যিক কৌলিন্য অর্জন করে ? পত্রের মধ্যে কিভাবে শিল্পী ব্যক্তিত্বের প্রকাশ ঘটে তা দৃষ্টান্তসহ ব্যাখ্যা করুন। ৫ + ৫

গ) 'ভ্রমণ বৃত্তান্ত' ও 'ভ্রমণ সাহিত্য' কি এক ? একটি সার্থক ভ্রমণ সাহিত্যের পরিচয় দিন। ৪ + ৬

ঘ) সংক্ষিপ্ত পরিচয় দিন ঃ (যে কোন দুটির) ৫ + ৫

অ) ডায়েরী

আ) রম্যরচনা

ই) ঐতিহাসিক সমালোচনা পদ্ধতি।

২। ক) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের অন্তর্গত 'বিড়াল' প্রবন্ধে সমাজ সমস্যার উপস্থাপনা প্রসঙ্গে বিড়াল চরিত্রের অবতারণা বঙ্কিমচন্দ্রের এক অনন্য শিল্পকীর্তি — মন্তব্যটির যাথার্থ্য বিচার করুন। ১৫

অথবা

খ) 'নির্মল শুভ্র সংযত হাস্য বঙ্কিমই সর্বপ্রথমে বঙ্গসাহিত্যে আনয়ন করেন' — বঙ্কিমচন্দ্র সৃষ্ট হাস্যরস সম্পর্কে রবীন্দ্রনাথের এই মন্তব্য 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থের আপনার পাঠ্য প্রবন্ধগুলি সম্পর্কে কতখানি প্রযোজ্য আলোচনা করুন। ১৫

৩। ক) 'ছিন্নপত্র'-এর বহু পত্রে 'গল্পগুচ্ছ' গ্রন্থের অনেক ছোটগল্পের পূর্বসূত্র কিভাবে পাওয়া যায় তা আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'ছিন্নপত্রের ৬৪, ৬৭ এবং ৭৭ নং পত্রে রবীন্দ্রনাথ পৃথিবীর সঙ্গে তাঁর অন্তশ্চেতনার গভীর যোগ, নাড়ীর টান অনুভব করেছেন' — পত্র তিনটির বিষয়বস্তু অবলম্বনে বক্তব্যটি পরিস্ফুট করুন। ১৫

৪। ক) ভারতবর্ষের ভাষা সমস্যা ও তার সমাধানের যে উপায়গুলির কথা প্রাবন্ধিক বলেছেন 'যে দেশে বহু ধর্ম বহু ভাষা' প্রবন্ধানুসারে সেগুলি আলোচনা করুন। ১৫

অথবা

খ) 'কৃষি সমস্যা ও আমরা' প্রবন্ধে প্রাবন্ধিক কৃষি সমস্যার উৎস সন্ধানে যে যে তথ্যের উল্লেখ করেছেন তা বিশ্লেষণ করুন। ১৫

৫। ক) 'আধুনিক সাহিত্যেরও প্রবীণ কথা এই মানবতাবাদ' — প্রাবন্ধিকের দৃষ্টিভঙ্গি অনুকরণ করে মন্তব্যটি বিশ্লেষণ করুন। ১৫

অথবা

খ) 'তাঁদের পক্ষে অনিবার্য ছিল রবীন্দ্রনাথের অনুকরণ কিন্তু অসম্ভব ছিল রবীন্দ্র অনুসরণ।' — লেখকের এই বক্তব্যের তাৎপর্য ব্যাখ্যা ও বিশ্লেষণ করুন। ১৫

৬। নিম্নলিখিত যে কোন **একটি** বিষয় নিয়ে প্রবন্ধ রচনা করুন ঃ ১ × ২০ = ২০

ক) মধ্যযুগের বাংলা সাহিত্যে নিম্নবর্গ

খ) উনিশ শতকের মহাকাব্যধারা

গ) আঞ্চলিক বাংলা উপন্যাস

ঘ) রবীন্দ্র ছোটগল্পে কিশোর চরিত্র

ঙ) বাংলা নাটকে দেশী বিদেশী নাট্যতত্ত্বের প্রয়োগ

চ) বাংলা কথাসাহিত্যের চলচ্চিত্রায়ণ।

West Bengal State University

B.A./B.Sc./B.Com. (Honours, Major, General) Examinations, 2012

PART– III (Honours)

বাংলা — সাম্মানিক

অষ্টম পত্র

Duration : 4 Hours Full Marks : 100

প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের দ্যোতক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) 'বাল্মীকি 'রামায়ণ' থেকে কাহিনীসূত্র গৃহীত হয়েও ভবভূতির 'উত্তর রামচরিত' কবি প্রতিভার মৌলিকতায় সংস্কৃত নাট্যসাহিত্যের অমূল্য সম্পদ।' — মন্তব্যটি বিশ্লেষণ করুন।

খ) শূদ্রকের 'মৃচ্ছকটিক'-কে 'প্রকরণ' আখ্যা দেওয়ার তাৎপর্য ব্যাখ্যা করে রচনাটির নামকরণের সার্থকতা বিচার করুন। এই নাটকের বিষয়বস্তু বিশ্লেষণ ক'রে সংস্কৃত নাট্যসাহিত্যে-এর অভিনবত্ব সম্পর্কে আলোচনা করুন। ৮ + ৭

গ) 'মেঘদূতম্' ও 'কুমারসম্ভবম্' কাব্য দুটি অবলম্বনে কালিদাসের কবি প্রতিভার বৈশিষ্ট্যগুলি বুঝিয়ে দিন। $৭\frac{১}{২} + ৭\frac{১}{২}$

২। যে কোন **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫

ক) বিক্রমোর্বশীয়ম্

খ) কাদম্বরী

গ) গীতগোবিন্দম্

ঘ) মহাবীরচরিত

ঙ) অভিজ্ঞান শকুন্তলম্।

৩। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) স্কটের উপন্যাসিক প্রতিভার পরিচয় দিন। বাংলা সাহিত্যে স্কট রচিত উপন্যাসের স্বীকরণ কতখানি ঘটেছে বিচার করুন। ১০ + ৫

খ) এলিজাবেথীয় যুগলক্ষণ শেক্সপীয়রীয় নাটকে ফুটে উঠলেও তিনি বিশেষ কালের নন, চিরকালের। — প্রসঙ্গটি তাঁর নাটকের মধ্যে কিভাবে বিশ্লেষিত তা বিচার করুন।

গ) গীতকবি হিসাবে ওয়ার্ডসওয়ার্থের পরিচয় দিন। প্রসঙ্গক্রমে ওয়ার্ডসওয়ার্থের সঙ্গে রবীন্দ্রনাথের প্রকৃতি চেতনার পার্থক্য বুঝিয়ে দিন। ১০ + ৫

৪। যে কোন **একটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ১ × ৫ = ৫

ক) দি ওয়েষ্টল্যান্ড

খ) অলিভার টুইস্ট

গ) ওড অন আ গ্রেসিয়ান আর্ন

ঘ) আর্মস্ অ্যাণ্ড দ্য ম্যান

ঙ) এ টেল অব টু সিটিজ।

৫। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) ছোটগল্পকার হিসেবে ফণীশ্বরনাথ রেণুর কৃতিত্বের পরিচয় দিন।

খ) মহাদেবী বর্মার কাব্যগ্রন্থগুলি অবলম্বনে তাঁর কবি কৃতিত্বের পরিচয় দিন।

গ) উপন্যাস রচনায় প্রেমচাঁদের স্বাতন্ত্র্যের পরিচয় দিন। বাংলা উপন্যাসে তাঁর প্রভাব কতখানি তা বিশ্লেষণ করুন।

১০ + ৫

৬। যে কোন **দুটি** বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন : ২ × ৫ = ১০

ক) সদ্‌গতি

খ) প্রেমা

গ) কুকুর মুত্তা

ঘ) স্মৃতি কি রেখাএঁ

ঙ) অতীত কে চলচিত্র

চ) দুর্লভ বন্ধু

৭। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) 'রীতিরাত্মা কাব্যস্য' — ব্যাখ্যা করুন।

খ) কাব্যের ধ্বনি হচ্ছে রসের ধ্বনি — ধ্বনি কী ? কাব্যতাত্ত্বিকেরা কিভাবে ধ্বনির ব্যাখ্যা দিয়েছেন ? ৫ + ১০

গ) 'করুণ প্রকৃতি রসে যে মনে অপূর্ব সুখ জন্মে তার একমাত্র প্রমাণ হৃদয়বান লোকের নিজের চিত্তের অনুভূতি' — কীভাবে এই বিপরীত ক্রিয়া সম্ভব হয় ব্যাখ্যা করুন। ১৫

৮। যে কোন **একটি** বিষয়ে টীকা লিখুন : ১ × ৫ = ৫

ক) সাধারণীকরণ

খ) সহৃদয়হৃদয়সংবাদী

৯। যে কোন **একটি** প্রশ্নের উত্তর দিন : ১ × ১৫ = ১৫

ক) আধুনিক কবি বলিয়াছেন : 'Truth is beauty, beauty is truth' — 'আধুনিক কবি' কে ? তাঁর প্রকৃত উক্তিটি কি ? লেখককৃত রূপান্তর কিভাবে প্রবন্ধে ব্যাখ্যাত হয়েছে তা দেখান। ১ + ২ + ১২

খ) 'সাহিত্যের বিষয় মানব হৃদয় ও মানব চরিত্র।' কিভাবে সাহিত্যের বিষয় মানব হৃদয় ও চরিত্রের যুগলবন্দী হয়ে ওঠে তা দেখান।

গ) 'সাহিত্য যাহা গড়িয়া তোলে তাহা সকলের আনন্দের জন্য।' উক্তিতে 'গড়ে তোলা' এবং 'সকলের আনন্দ' বলতে রবীন্দ্রনাথ কি বুঝিয়েছেন ব্যাখ্যা করুন। ৭½ + ৭½